# প্রকল্প পরিচিতি

## ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম-ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২), মৎস্য অধিদপ্তর অংগ

বাংলাদেশের অর্থনীতি এখনও প্রধানত কৃষি নির্ভর। দেশকে ২০২১ সালের মধ্যে মধ্যম আয়ের দেশে উন্নীত করতে হলে এদেশের গ্রামীণ উন্নয়নের ধারা শহর এলাকার উন্নয়নের সাথে একই গতিতে আনা প্রয়োজন। সেকারণে সরকার, বিশ্বব্যাংক, IFAD এবং USAID এর আর্থিক সহায়তায় গ্রামীণ কৃষির উন্নয়ন তথা কৃষকের আয় বৃদ্ধির লক্ষ্যে ৩ পর্যায়ে ১৫ বছরের এক কৃষি উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন করছে। প্রথম পর্যায়ের (২০০৯-২০১৪ খ্রিঃ) সফল সমাপ্তির পর বর্তমানে দ্বিতীয় পর্যায়ের (২০১৬-২০২১ খ্রিঃ) কার্যক্রম বাস্তবায়ন শুরু হয়েছে। প্রথম পর্যায়ের একটি বিশেষ শিক্ষণীয় বিষয় হলো: কেবল উন্নত প্রযুক্তিই উৎপাদন বৃদ্ধিসহ কাংক্ষিত লক্ষ্যে পৌঁছে দিতে সক্ষম নয়, পাশাপাশি প্রয়োজন যথাযথ উৎপাদন সামগ্রীর প্রাপ্যতা নিশ্চিত করা এবং চাষিদের উৎপাদনশীলতাকে লাভজনকভাবে টেকসই করার জন্য আহরণোত্তর পরিচর্যা ও বাজার ব্যবস্থাপনায় সক্ষমতা বৃদ্ধি। সে বিষয়কে বিবেচনা করে প্রকল্পের কার্যক্রম চিহ্নিত করা হয়েছে।

### প্রকল্পের বাস্তবায়নকারী সংস্থা:

১. বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, কৃষি মন্ত্রণালয়- কৃষি বিষয়ক গবেষণা;
২. কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কৃষি মন্ত্রণালয়- শস্য বিষয়ক প্রযুক্তি সম্প্রসারণ;
৩. মৎস্য অধিদপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়- মৎস্য বিষয়ক প্রযুক্তি সম্প্রসারণ ;
৪. প্রাণিসম্পদ অধিদপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়- প্রাণিসম্পদ বিষয়ক প্রযুক্তি সম্প্রসারণ; এবং
৫. প্রজেক্ট ম্যানেজমেন্ট ইউনিট, কৃষি মন্ত্রণালয়- প্রকল্প বাস্তবায়ন কাযক্রম সমন্বয় সাধন।

**প্রকল্প এলাকা** : ৫৭ টি জেলার নির্বাচিত ২৭০ টি উপজেলা (গবেষণার জন্য সমগ্র বাংলাদেশ)।
**বাস্তবায়ন কাল** : ০১ অক্টোবর-২০১৬ হতে ৩০ সেপ্টেম্বর-২০২১।
**প্রকল্পের উদ্দেশ্য** : ক্ষুদ্র খামারের উৎপাদনশীলতা বৃদ্ধি এবং সুনির্দিষ্ট জেলাসমূহে বিপণন ব্যবস্থায় তাদের প্রবেশাধিকার উন্নয়ন।

### মৎস্য অধিদপ্তর অংগের লক্ষ্য অর্জনের জন্য প্রকল্পের আওতায় সহায়তা প্রদানের ক্ষেত্রসমূহ:

১. অভ্যন্তরীণ মৎস্যচাষ ও অভ্যন্তরীণ মৎস্য আহরণ কার্যক্রমের স্থায়িত্বশীল উন্নয়নে সহায়তা প্রদান;
২. নির্বাচিত মৎস্য উৎপাদন মডেলসমূহকে প্রণোদনা প্রদান;
৩. মানসম্মত মৎস্য পোনা উৎপাদন এবং গুণগত মানসম্পন্ন মৎস্য খাদ্য ব্যবহার করায় সহায়তা প্রদান;
৪. সমাজভিত্তিক মৎস্য ব্যবস্থাপনাসহ মৎস্য ব্যবস্থাপনার মাধ্যমে বিলে মৎস্য ব্যবস্থাপনার উন্নয়ন;
৫. বাজারে চাষিদের প্রবেশ উন্নততর করার জন্য লাগসই মার্কেট লিংকেজ তৈরি;
৬. সংশ্লিষ্ট সুযোগ-সুবিধার উন্নয়নসহ মৎস্য খাদ্যের উন্নয়নের লক্ষ্যে মান নিয়ন্ত্রণ কার্যক্রমে মৎস্য অধিদপ্তরের প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিতে সহায়তা;
৭. সম্প্রসারণ সেবা প্রসারের লক্ষ্যে স্থানীয় মৎস্য সম্প্রসারণ প্রতিনিধি (LEAF) মনোনয়ন, কারিগরি দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধি;
৮. তথ্য প্রযুক্তি-ভিত্তিক সম্প্রসারণ পদ্ধতি প্রয়োগ;
৯. নির্বাচিত মৎস্য পণ্য বাজারজাতকরণে ক্ষুদ্র মৎস্য চাষিদের সহায়তা করা;
১০. নির্বাচিত জেলায় মৎস্য বাজারজাতকরণ অবকাঠামো স্থাপন ও ব্যবস্থাপনায় সহায়তা প্রদান;
১১. সিআইজি চাষিদের প্রযুক্তি বিশেষকরে জলবায়ু সহনশীল এবং উদ্ভাবনী প্রযুক্তি গ্রহণে উৎসাহিত করার জন্য Agricultural Innovation Fund-2 (AIF-2) এবং মৎস্য প্রক্রিয়াজাতকরণে বিনিয়োগকে উৎসাহিত করার জন্য গ্রামীণ ক্ষুদ্র উদ্যোক্তাদের AIF-3 এর আওতায় মূলধন সহায়তা প্রদান।

### মৎস্য অধিদপ্তর অংগের প্রধান প্রধান কার্যক্রম:

- সিআইজি গঠন: প্রকল্পভুক্ত প্রতি ইউনিয়নে মৎস্য চাষিদের ২০ সদস্য বিশিষ্ট ২টি সিআইজি (Common Interest Group: CIG) গঠন, নিবন্ধন ও শেয়ার সঞ্চয়ের মাধ্যমে নিজেদের সক্ষমতা বৃদ্ধি।
- লিফ নির্বাচন: মাঠ পর্যায়ের চাষিদের নিকট মৎস্যচাষ বিষয়ক সকল তথ্য সম্প্রসারণের জন্য প্রতি ইউনিয়নে একজন করে লিফ (Local Extension Agent for Fisheries: LEAF) মনোনয়ন, সক্ষমতা বৃদ্ধি ও লিফকে ইউনিয়ন পর্যায়ে কৃষক তথ্য ও পরামর্শ কেন্দ্রে সক্রিয় করা।
- চাষি প্রশিক্ষণ: সিআইজিভুক্ত সকল চাষিকে মৎস্যচাষ ও দলীয় কার্যক্রম পরিচালনা সম্পর্কে প্রশিক্ষণ প্রদান ।
- সিআইজি, ইউনিয়ন ও উপজেলা ভিত্তিক বার্ষিক এক্সটেনসন মাইক্রো পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন ।
- উন্নত মৎস্য প্রযুক্তি প্রদর্শনী: প্রকল্প মেয়াদে নতুন সিআইজির জন্য ০৫টি এবং পুরাতন সিআইজির জন্য ০৪টি উন্নত প্রযুক্তি প্রদর্শনী স্থাপন ।
- মাঠদিবস ও অভিজ্ঞতা বিনিময় সফর: প্রতিটি প্রদর্শনীর জন্য ০১টি করে মাঠ দিবস ও চাষিদের উদ্বুদ্ধকরণের জন্য অভিজ্ঞতা বিনিময় সফর ।
- কর্মশালা: জেলা পর্যায়ে বছরে ০২ বার প্রকল্পের অগ্রগতি পর্যালোচনার জন্য কর্মশালা ।
- উৎপাদনকারীদের সংস্থা: ০২ টি আহরণোত্তর মৎস্য পরিচর্যা কেন্দ্র স্থাপন, মৎস্য পণ্য বাজারজাতকরণ ও মার্কেট লিংকেজ স্থাপনের জন্য ২২ টি উৎপাদনকারীদের সংগঠন তৈরি ও সহায়তা।
- চাষি নিবন্ধন: প্রকল্পের আওতায় সুবিধাভোগী মৎস্য চাষিদের নিবন্ধন।
- তথ্য প্রযুক্তির মাধ্যমে সম্প্রসারণ ও মাঠ পর্যায়ে চাষিদের জন্য তথ্য আদান প্রদানের কাজ যুগোপযোগী করার বিশেষ কার্যক্রম প্রকল্পে অন্তর্ভুক্ত রয়েছে।